দৈনিক কালের কণ্ঠ

তারিখ 12 JAN 2017
পৃষ্ঠা

# ভর্তি পরীক্ষায় দুর্নীতি, ১৫ স্কুলকে দুদকের চিঠি

**বিডিনিউজ ।** ভর্তি পরীক্ষায় দুর্নীতির অভিযোগ পাওয়ার পর ভর্তিসংক্রান্ত তথ্য ও নীতিমালা জানতে চেয়ে ১৫টি শিক্ষা প্রতিষ্ঠানে চিঠি দিয়েছে দুর্নীতি দমন কমিশন। চিঠিতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে শিক্ষার্থী ভর্তির পদ্ধতি ও নীতিমালা, এ বছরের আসন সংখ্যাসহ অন্যান্য তথ্য বৃহস্পতিবার অর্থাৎ ১২ জানুয়ারির মধ্যে সরবরাহ করতে বলা হয়েছে।

গত ৯ জানুয়ারি ১৫টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে দুদকের পরিচালক মীর জয়নুল আবেদীন শিবলী স্বাক্ষরিত এসব চিঠি পাঠানো হয়। বুধবার দুদক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে কমিশনের চেয়ারম্যান ইকবাল মাহমুদ জানান, বিভিন্ন স্কুলে বিশেষ করে রাজধানীর স্কুলগুলোতে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তারা পাচ্ছেন।